সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২৫৪-২০১৫ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সখ্যা	কারিগরি প্রকল্পে সখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	০১ টি	০১ টি	০০ টি	০০ টি	০১ টি	০১ টি	৬৬.৬৬%-৩০০%	০১ টি	৮.৮৮%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** ০১ টি

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ**

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
হাছন রাজা একাডেমি নির্মাণ	৯২৩.৯৪	এপ্রিল, ২০০৯ হতে জুন, ২০১৫

৩। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
হাছন রাজা একাডেমি নির্মাণ	প্রকল্পটি ২২.০৬.২০০৮ তারিখে ৭৭১.৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০০৯ থেকে মার্চ, ২০১১ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত তৎকালীন অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের কতিপয় অঙ্গের পরিবর্ত, সংযোজন ও বিয়োজন করতঃ প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করে ৭৭২.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০০৯ হতে মার্চ, ২০১২ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ১ম সংশোধন ০৭.০৩.২০১০ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। এরপর প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ বছর অর্থাৎ মার্চ, ২০১৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়। এরপর ৮৫৩.৪৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং বাস্তবায়নকাল এপ্রিল, ২০০৯ থেকে জুন ২০১৩ পর্যন্ত মেয়াদ প্রকল্প ২য় বারের মত সংশোধিত হয়। এবং সর্বশেষ এপ্রিল, ২০০৯ থেকে জুন ২০১৪ মেয়াদে প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

হাছন রাজা একাডেমি নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্ত মুল্যায়ন **প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৫)

১.০ প্রকল্পের নাম : হাছন রাজা একাডেমি নির্মাণ

২.০ উদ্যোগী মন্ত্রণালয়ঃ : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৩.০ বাস্তবায়নকারী সংস্থাঃ : বাংলাদেশ শিল্পকলা একাডেমী

৪.০ প্রকল্পের অবস্থান : সুনামগঞ্জ, সিলেট

৫.০ বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) :

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট টাকা প্রঃ সাঃ	সংশোধিত মোট টাকা প্রঃ সাঃ		মূল	সংশোধিত			
৭৭১.৮৪ ৭৭১.৮৪ --	৯৩৩.৩৩ ৯৩৩.৩৩ --	৯২৩.৯৪ ৯২৩.৯৪	এপ্রিল, ২০০৯ হতে মার্চ ২০১১	এপ্রিল, ২০০৯ হতে জুন, ২০১৫	এপ্রিল, ২০০৯ হতে জুন, ২০১৫	--	৫১ মাস (২১২%)

৬.০ প্রকল্পের অর্থায়ন : প্রকল্পটি বাংলাদেশ সরকারের অনুদান অর্থের মাধ্যমে বাস্তবায়িত হয়েছে।

৭.০ সাধারণ পর্যবেক্ষণ

৭.১ **প্রকল্পের পটভূমিঃ**

সুনামগঞ্জে স্থানিয় উদ্যোগে ১৯৭৪ সাল থেকে হাছন মেলা হয় । স্থানীয় জনগণের সহায়তায় ১৯৭৫ সালে সুনামগঞ্জে হাছন একাডেমী প্রতিষ্ঠিত হয়। হাছন রাজা স্মৃতি কমপ্লেক্স নির্মাণের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমী প্রকল্পটি প্রস্তাব করে। প্রকল্পটি ২২.০৬.২০০৮ তারিখে ৭৭১.৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০০৯ থেকে মার্চ, ২০১১ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত তৎকালীন অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের কতিপয় অঙ্গের পরিবর্ত, সংযোজন ও বিয়োজন করতঃ প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করে ৭৭২.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০০৯ হতে মার্চ, ২০১২ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ১ম সংশোধন ০৭.০৩.২০০০ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। এরপর প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ বছর অর্থাৎ মার্চ, ২০১৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়।এরপর ৮৫৩.৪৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং বাস্তবায়নকাল এপ্রিল, ২০০৯ থেকে জুন ২০১৩ পর্যন্ত মেয়াদ প্রকল্প ২য় বারের মত সংশোধিত হয়। এবং সর্বশেষ এপ্রিল, ২০০৯ থেকে জুন ২০১৪ মেয়াদে প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

৭.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

মরমী কবি হাছন রাজার গানের স্বরলিপি সংগ্রহ ও সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা, মরমী গানের সাথে জড়িত আজীবন নিবেদিত শিল্পীদের অনুদান প্রদান ও মরমী গানের প্রশিক্ষণ দানের লক্ষ্যে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সৃষ্টি করা এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

৮.০. **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

প্রকল্পটির মূল কার্যক্রম হচ্ছে- ভৌত অবকাঠামো নির্মাণ, বিদ্যুৎ ও পানি সরবরাহ, ষ্টেজ লাইটিং ও সাউন্ড সিস্টেম স্থাপন, মিউজিক্যাল যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি সংগ্রহ ইত্যাদি।

৯.০. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

ক্রঃ নং	কর্মকর্তাদের নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	একাধিক প্রকল্পের কাজে নিয়োজিত	মেয়াদকাল	
				শুরু	শেষ
১.	২.	৩.	৪.	৫.	৬.
১	জনাব মোঃ কামাল লোহানী, মহাপরিচালক বাংলাদেশ শিল্পকলা একাডেমী	খন্ডকালীন	হ্যাঁ	০৬.০৪.২০০৯	০৫.০৪.২০১১
২	জনাব লিয়াকত আলী লাকী মহাপরিচালক বাংলাদেশ শিল্পকলা একাডেমী	খন্ডকালীন	হ্যাঁ	১০.০৪.২০১১	৩০.০৬.২০১৫

১০. **বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন অবস্থা (পিসিআর-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):**

Economic Code	Item of worjs (As per RDPP)	Unit	Target (as per DPP)		Actual Progress		Remarks deviation(+/-) (+) for excess and (-) for less
			Financial	Physical	Financial	Physical	
1	2	3	4	5	6	7	8
(A) Revenue Component							
4600	Pay of Establishment	3 Nos	11.70	-	6.90	-	(-) 4.80
4700	Allowance	4Nos	4.00	-	3.00	-	(-) 1.00
4801	Local Conveyance	LS	0.10	-	0.10	-	0.00
4805	Allowance for additional work	LS	0.60	-	0.60	-	0.00
4815	Postage	LS	0.05	-	0.05	-	0.00
4827	Printing and Binding	LS	0.80	-	0.80	-	0.00
4828	Stationary, seal	LS	0.75	-	0.75	-	0.00
4833	Advertisements	LS	1.30	-	1.66	-	(+) 0.36
4845	Entertainment	LS	0.60	-	0.60	-	0.00
4854	Purchase of the office materials	LS	1.00	-	0.15	-	(-) 0.85
4874	Consultancy fees for design, drawing & supervision	LS	22.10	-	22.10	-	0.00
4883	Honorrarium for, PIC, TEC & Ec Member	LS	6.00	-	5.80	-	(-) 0.20
4888	Computer Accessories	LS	0.60	-	0.60	-	0.00
4890	Foundation stone laying & opening ceremony	LS	2.00	-	2.00	-	0.00

Economic Code	Item of worjs (As per RDPP)	Unit	Target (as per DPP)		Actual Progress		Remarks deviation(+/-) (+) for excess and (-) for less
			Financial	Physical	Financial	Physical	
1	2	3	4	5	6	7	8
4893	Hiring charge	LS	17.50	-	17.56	-	(+) 0.06
4899	Others	LS	2.00	-	2.00	-	0.00
	Sub Total		71.10	-	64.67	-	(-) 6.43
(b) Capital Component							
6821	i. Procurment of furniture	-	21.32	-	20.73	-	(-) 0.59
6827 (electrical equipment)	ii. Electrical equipment (stage)	-	35.99	-	36.50	-	(+) 0.51
	iii. 10 KVA Diesel Generator with cable	1 No.	7.00	-	6.70	-	(-) 0.30
6849 (Museum Artefacts)	iii. Procurment Literacy works, musical and other works in/c research, publication and documentation	-	30.00	-	28.39	-	(-) 1.61
6851 (Others)	iv. Musical Instrument	-	3.25	-	2.90	-	(-) 0.35
6800- (i + iv) =		-	97.56	-	95.22	-	(-) 2.34
6901	Land acquisition	acre	83.75	0.75	83.75	0.75 acre	0.00
7001	Land development	cum	42.48	23549	42.48	23549	0.00
7006	(i) Construction of Functional building	sqm	554.58	2266 sqm	554.58	2266 sqm	0.00
	(ii) Sanitary & Plumbing	Do	16.50	-	16.25	Do	(-) 0.25
	(iii) General Electrification	Do	50.07	-	49.97	Do	(-) 0.10
	(iv) Others work	LS	3.00	-	3.79	LS	(+) 0.79
7000 (7001 + 7006) =		-	666.63	-	667.07	-	(+) 0.44
B. Sub Total (Capital Component)			847.94	-	846.06	-	(-) 1.88
7981	Price contingency and physical cont.		14.29	-	13.33	-	(-) 1.06
	Sub Total		862.23		859.29		(-) 2.94
Grand Total (A+B+Contingency)			933.33		923.94	-	(-) 9.39

১১. কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণঃ

সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর ও পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতীয়মান হয় যে প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে।

১২. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের বিবরণঃ

১২.১ **ভূমি অধিগ্রহনঃ** এ খাতে ৮৩.৭৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮৩.৭৫ লক্ষ টাকা ব্যয়ে ০.৭৫ একর জমি অধিগ্রহন করা হয়েছে।

১২.২ **ভূমি উন্নয়নঃ** এ খাতে ৪২.৪৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪২.৪৮ লক্ষ টাকা ব্যয়ে ২৩৫৪৯ কিউবিক মিটার ভূমির উন্নয়ন করা হয়েছে।

১২.৩ **ফাংশনাল ভবন নির্মাণ:** এ খাতে ৫৫৪.৫৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৫৫৪.৫৮ লক্ষ টাকা ব্যয়ে ২২৬৬ বর্গ মিটার নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

১৩. **পরিদর্শন বর্ণনাঃ**

১৩.১ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমী কর্তৃক বাস্তবায়িত " হাছন রাজা একাডেমী নির্মাণ" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সরেজমিনে গত ১১.০৬.২০১৭ তারিখে সুনামগঞ্জে অবস্থিত হাছন রাজা একাডেমি যা বর্তমানে জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ নামে নামকরন করা হয়েছে তা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে একাডেমির কালচারাল অফিসার ও সংশ্লিষ্ট অন্যান্যরা উপস্থিত ছিল।

১৩.২ বর্ণিত প্রকল্পটি এমনিতেই ২ বার সংশোধনসহ ২বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি পাবার দরুন ৩বৎসর মেয়াদী প্রকল্পটি ৬ বছর মেয়াদে সমাপ্ত হয়েছে। এছাড়া প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন এ বিভাগে প্রেরণের কথা থাকলেও সেই প্রতিবেদন ২.৫ বছর পর জানুয়ারি, ২০১৭ মাসে এ বিভাগে প্রেরণ করা হয়। যা সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, সংশোধন ও অনুমোদন পরিপত্রের ব্যত্যয়।

১৩.৩ প্রকল্পটি ০.৭৫ একর জায়গার উপর গড়ে উঠেছে। এর আওতায় নির্মিত ভবনটির ৪টি অংশহ রয়েছে। যথা-প্রশিক্ষণ ভবন, হল রুম, মূল ভবন, বাউন্ডারি ওয়াল। পরিদর্শনকালে ৫টি বিষয়ের উপর মোট ৫২৭ জন ছাত্র-ছাত্রীকে প্রশিক্ষণ প্রদান করতে দেখা গেছে। এগুলো হলো-সঙ্গীত, নৃত্য, তবলা, চারুকলা ও নাটক। বর্তমানে চারুকলার প্রশিক্ষণ সংগ্রহশালায় হচ্ছে বলে জানা গেল।

১৩.৪ মূল ভবনের সামনে ডিম্বাকৃতির একটি সংগ্রহশালা রয়েছে। এখানে হাছন রাজা, বাউল আব্দুল করিমসহ সুনামগঞ্জের খ্যাতিমান অনেকের ভাস্কর্য রয়েছে। এছাড়া এখানে গানের বইসহ বিভিন্ন ধরনের বই দেখা গেছে। কিন্তু এ সকল বই বৈজ্ঞানিক উপায়ে সংরক্ষণের কোন ব্যবস্থা পরিদর্শনকালে দৃষ্টগোচর হলো না।

১৩.৫ পুরো প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকালে ২জন প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব হিসেবে খন্ডকালীন হিসেবে প্রকল্পের দায়িত্ব পালন করেছেন। এরূপ ঘন ঘন প্রকল্প পরিচালক প্রকল্পের কাজে নিয়োজিত থাকার কারনে প্রকল্পের অগ্রগতি ধীর হয়ে থাকে।

১৪. **প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হয়ে থাকলে তার কারনঃ**

মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর ও পরিদর্শনে প্রাপ্ত তথ্য মতে প্রতীয়মান হয় যে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৫ **মতামত/সুপারিশঃ**

পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণর আলোকে আইএমইডি'র মতামত নিম্নরুপঃ

১৫.১ প্রকল্পটি জুন, ২০১৫ সালে সমাপ্ত হলেও এর সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (পিসিআর) ১৮ মাস পর এ বিভাগে প্রেরণের যৌক্তিকতা জানিয়ে প্রতিবেদন প্রাপ্তির ১ মাসের মধ্যে জবাব এ বিভাগকে অবহিত করতে হবে;;

১৫.২ ভবিষ্যতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক যে সকল প্রকল্প গ্রহণ করা হবে, তা প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকালের মধ্যে সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৫.৩ সংগ্রহশালায় রক্ষিত গ্রন্থসমূহ বৈজ্ঞানিক উপায়ে সংরক্ষনের প্রয়োজনীয় সকল ব্যবস্থা যথাযথ কর্তৃপক্ষ গ্রহন করবেন;

১৫.৪ ভবিষ্যতে প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে নজর দিবেন;

১৫.৪ অনুচ্ছেদ নং- ১৬.১ হতে ১৭.৩ এ উল্লিখিত মতামত/সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।